



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা

প্রশাসন-২ শাখা

প্রশাসন অনুবিভাগ

www.idra.org.bd

স্মারক নং-৫৩.০৩.০০০০.০০৯.১৯.০২৩.২১.১৭৬

তারিখ: ২০ জুন ২০২২


শোক বার্তা

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পরিচালক (উপসচিব) জনাব মোহাম্মদ শফিউদ্দীন (৭৯৩৩) গত ১৭ জুন ২০২২ তারিখ সকাল ০৯:৪৫ ঘটিকায় মনোয়ারা হাসপাতাল, সিদ্ধেশ্বরী, ঢাকায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহী রাজিউন)।

২। জনাব মোহাম্মদ শফিউদ্দীন (৭৯৩৩) ৩১ অক্টোবর ১৯৬৯ তারিখে যশোর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ৩১ মে ২০০১ তারিখে বিসিএস (সমবায়) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে সরকারের উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি সর্বশেষ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে প্রেষণে পরিচালক (উপসচিব) হিসেবে কর্মরত ছিলেন।

৩। জনাব মোহাম্মদ শফিউদ্দীন (৭৯৩৩) তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি পিতা-মাতা, স্ত্রী, এক পুত্র এবং এক কন্যাসন্তানসহ আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ জনাব মোহাম্মদ শফিউদ্দীন (৭৯৩৩) এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা প্রকাশ করছে।


২০.০৬.২০২২
(মোহাম্মদ জয়নুল বারী)

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ